

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
(www.mopa.gov.bd)

২০/২/১৩০
২২/৬

০৫.১১০.০৩৬.০৪.০০.০১৭.২০০৭-৮২৯

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪১৮ বঙ্গাব্দ
০৫ জুন ২০১১ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের ২৭/০১/২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর পরিপত্রের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ) ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের এবং দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

(ক) ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন প্রদান বিষয়ক কমিটিঃ

- | | |
|--|--------------|
| ১. সচিব/অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. যুগ্ম-সচিব (বিধি), জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য |
| ৩. যুগ্ম-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ | - সদস্য |
| ৪. সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর প্রধান | - সদস্য |
| ৫. যুগ্ম-সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধিঃ

- (১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।
- (২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে ১ম বা ৩য় হতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্ম কমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।


(ক) দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন প্রদান বিষয়ক কমিটিঃ

- | | |
|---|--------------|
| ১. অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব(প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. উপ-সচিব (বিধি-২), জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য |
| ৩. উপ-সচিব (প্রশাসন), অর্থ বিভাগ | - সদস্য |
| ৪. সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের একজন প্রতিনিধি | - সদস্য |
| ৫. উপ-সচিব (প্রশাসন-১), জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধিঃ

- (১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।
- (২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে ১ম বা ৩য় হতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্ম কমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।
- (৩) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিষ্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(আলী আহমেদ)

উপ-সচিব(প্রশাসন-১)


sasadmin1@mopa.gov.bd

০৫.১১০.০৩৬.০৪.০০.০১৭.২০০৭-৮২৯/১(৫০)

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪১৮ বঙ্গাব্দ
০৫ জুন ২০১১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০২। রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ০৩। মহা-পরিচালক, বিসিএস (প্রশাসন) একাডেমী, শাহবাগ, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৫। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০৭। মহা-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। মহা-পরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
- ০৯। বিভাগীয় কমিশনার (সকল) (প্রজ্ঞাপনটি সকল জেলা প্রশাসককে অবহিত করণের অনুরোধসহ)।
- ১০। যুগ্ম-সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। উপ-সচিব(প্রশাসন-১/বিধি-২), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেট প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ✓ ১৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। অফিস কপি/গার্ড ফাইল।


০৫.০৬.১১
(মোঃ আব্দুস সামাদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬০২১৮